দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১১ কলাম ৪......

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সেশনজটমুক্ত একটি বিভাগ

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষে সর্বপ্রথম বিভাগভিত্তিক ভর্তি পরীক্ষার মাধ্যমে অনার্স প্রথম বর্ষে ভর্তি হয়ে নির্দিষ্ট সময়ে মাষ্টার্স ডিগ্রী নিয়ে বের হলো জেনেটিক্স এণ্ড ব্রিডিং বিভাগের তরুণ ছাত্রছাত্রীরা

( ১০ম পৃঃ দ্রঃ )

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

(১১শ পৃঃ পর)

১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষে জেনেটিক্স এণ্ড ব্রিডিং বিভাগ আত্মপ্রকাশ করে এবং ১৫ জন ছাত্রছাত্রী এই বিভাগে ভর্তি হয়। এই সময়ে ২৯টি বিভাগের মধ্যে এই বিভাগটি সর্বপ্রথম সেশনজট মুক্ত হয়। ১৯৯৯ সালের অনার্স পরীক্ষায় ১৫ জন ছাত্রছাত্রীর মধ্যে ১৪ জনই প্রথম শ্রেণী পায় এবং ২000 সালের মাষ্টার্স পরীক্ষায় নন-থিসিস ৯ জনের মধ্যে ৮ জন প্রথম শ্রেণী পেয়েছে। বাকী ৬ জন থিসিস গ্রুপের ফলাফল প্রকাশের পথে। অন্যদিকে এই বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের ৪টি বিভাগের এমবিএ'র ছাত্রছাত্রীরা এখন ২৮/২৯ বছর বয়স নিয়েও মাষ্টার্স ডিগ্রী অর্জন করতে পারেনি।

এদিকে ১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষে যে সকল ছাত্রছাত্রী অনার্স প্রথম বর্ষে ভর্তি হয়েছিল তাদের মধ্যে কেবলমাত্র বাংলা, ইংরেজী, সমাজকর্ম, চারুকলা, অর্থনীতি বিভাগ ও বিজনেজ স্টাডিজ অনুষদ ছাড়া সকল বিভাগের মাষ্টার্স পরীক্ষা সামনে। পদার্থ বিজ্ঞান, ভূগোল ও ইতিহাস বিভাগের মাষ্টার্স পরীক্ষা শেষ হয়ে গেছে। সব মিলিয়ে এই বিশ্ববিদ্যালয় সেশনজট মুক্ত ক্যাম্পাসে পরিণত হয়েছে।